

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী আদর্শে উদ্বুদ্ধ শিক্ষকদের সংগঠন সাদা দলের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে। গতকাল সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাদা দলের সাধারণ সম্পাদক অধ্যাপক রইছ উদ্দীন স্বাক্ষরিত ১৯ সদস্যবিশিষ্ট এ কমিটি ঘোষণা করা হয়। আগামী দুই বছরের জন্য অধ্যাপক মো. মোশাররফ হোসেনকে সভাপতি ও অধ্যাপক রইছ উদ্দীনকে সাধারণ সম্পাদক হয়েছে। এর আগে ২২ আগস্ট সিনিয়র ৫ সদস্যবিশিষ্ট কমিটি নির্বাচন হয়।

advertisement

কমিটিতে সহ-সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন সমাজকর্ম বিভাগের অধ্যাপক মোস্তফা হাসান, অর্থনীতি বিভাগের অধ্যাপক আজম খান ও ফিন্যান্স বিভাগের অধ্যাপক মঞ্জুর মোর্শেদ ভূইয়া এবং যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক শাহিনুজ্জামান ও রসায়ন বিভাগের অধ্যাপক জামির হোসেন।

সাংগঠনিক সম্পাদক হিসেবে রয়েছেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক নাসির উদ্দীন ও যুগ্ম সাংগঠনিক সম্পাদক ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক নাসির আহমদ। এ ছাড়া অর্থ সম্পাদক হয়েছেন মার্কেটিং বিভাগের অধ্যাপক শেখ মো. রবিউল ইসলাম ও দপ্তর সম্পাদক রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক মোহাম্মদ মেজবাহ-উল-আলম সওদাগর।

1  
Shares